# হাদি হত্যা মামলার আসামিদের ফেরাতে ব্যবস্থা নেওয়া হয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

হাদি হত্যা মামলার আসামিদের দেশে ফিরিয়ে আনতে সরকার প্রক্রিয়া শুরু করেছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, প্রত্যর্পণ চুক্তির আওতায় ভারত সরকারের সঙ্গে যোগাযোগ করা হয়েছে এবং অভিযুক্তদের ফেরাতে জোর প্রচেষ্টা চলছে।

সোমবার (৯ মার্চ) কক্সবাজার জেলা আইনশৃঙ্খলা কমিটির সভা শেষে প্রেস ব্রিফিংয়ে তিনি এসব তথ্য জানান।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশে মব সংস্কৃতির কোনো স্থান নেই। এটি বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে এবং ভবিষ্যতে এমন পরিস্থিতি নির্মূল করা হবে।

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে তিনি জানান, সন্ত্রাসী, অস্ত্রধারী, চাঁদাবাজ ও সংঘবদ্ধ অপরাধীদের কাউকেই ছাড় দেওয়া হবে না। সবাইকে আইনের আওতায় আনা হবে—এটাই সরকারের প্রতিশ্রুতি।

কক্সবাজারের পরিস্থিতি সামাল দিতে সমুদ্রসৈকত ব্যবস্থাপনায় বিচ ম্যানেজমেন্ট কমিটি গঠন করা হবে। শহরজুড়ে সিসিটিভি ক্যামেরা বসানো এবং টমটম চলাচল নিয়ন্ত্রণেও উদ্যোগ নেওয়া হচ্ছে।

এ ছাড়া উখিয়া–টেকনাফ সড়কে মাদক চোরাচালান ঠেকাতে কঠোর পদক্ষেপের কথাও জানান তিনি।

LENS ASIA